

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৯৮৪
আগরতলা, ১৩ জুন ২০১৮

ধর্মনগরের কিছু এলাকা জল প্লাবিত : খোলা হয়েছে ত্রাণ শিবির

অতি বর্ষণের ফলে ধর্মনগর মহকুমার কিছু এলাকা জলমগ্ন হয়েছে। বিপর্যয় মোকাবিলা টিম বন্যা কবলিত এলাকার মানুষদের উদ্ধার ও ত্রাণ সরবরাহের কাজে নিয়োজিত ছিল। বন্যার ফলে সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে মহকুমার কামেশ্বর তহশিল এলাকার সিগন্যাল বস্তি, কাকরীর পাড়, টঙ্গীবাড়ি এবং হুরুয়া তহশিলের দীঘলব্যাঙ্গ, ধর্মনগর সরকারী মহাবিদ্যালয়ের দক্ষিণাংশ। মহকুমা প্রশাসনের পক্ষ থেকে বন্যা কবলিত এলাকার মানুষদের আশ্রয়ের জন্য কয়েকটি ত্রাণ শিবির খোলা হয়েছে। এর মধ্যে সিগন্যাল বস্তি এলাকায় ৮ পরিবারের ৩৫ জন রাজবাড়ী সরকারী উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে, টঙ্গীবাড়ি এলাকায় ৪ পরিবারের ২৫ জন টঙ্গীবাড়ি অঙ্গনওয়াড়ী কেন্দ্র এবং দীঘলব্যাঙ্গ ও ধর্মনগর সরকারী মহাবিদ্যালয়ের দক্ষিণাংশের বন্যা কবলিত মানুষ ধর্মনগর সরকারী মহাবিদ্যালয়ে আশ্রয় নিয়েছেন। ত্রাণ শিবিরে প্রশাসন থেকে খাদ্য, পানীয় জল সহ অন্যান্য সামগ্রী সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও সিগন্যাল বস্তি (বতরসি), টঙ্গীবাড়ি গ্রাম পঞ্চায়েতের কাকরীর পাড়, কামেশ্বর কালীবাড়ি এলাকায় মোট ২৬৫টি পরিবার বন্যায় ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে। ধর্মনগর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে তাদের শুকনো খাবার সরবরাহ করা হয়। সংশ্লিষ্ট মহকুমা শাসক কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।
